



## জেলা পরিষদ কার্যালয়

মেহেরপুর

(www.zpmeherpur.gov.bd)

স্মারক নম্বর: জেপ/মেহের/২০২৪-২১৮(৩)

তারিখ : ১৫-১০-২০২৪ খ্রিঃ।

বিষয় : গত ০২(দুই) মাসে বর্তমান সরকারের গৃহীত কার্যক্রম ও সাফল্য এক চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের কর্মপরিকল্পনার তথ্য প্রেরণ।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের গত ০৯-১০-২০২৪ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪২.১৬.০০০৬.২৪.১৪৭১ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০২(দুই) মাসে বর্তমান সরকারের গৃহীত কার্যক্রম ও সাফল্য এক চলতি ২০২৪-২০২৫ অর্থবছরের কর্মপরিকল্পনার জন্য যে সকল পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা নিম্নরূপ :

- ০১। স্থানীয় সরকার বিভাগের গত ২৬-০৯-২০২৪ তারিখের ৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.২০১১.১৪৪৫ নং স্মারক পত্রের নির্দেশনা মোতাবেক জেলা পরিষদের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য কমিটি গঠন করা হয়েছে।
- ০২। গঠিত কমিটির সদস্যদের নিয়ে গত ০৬-১০-২০২৪ তারিখে জেলা পরিষদের কর্মসম্পাদনে সহায়তা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।
- ০৩। সভায় ২০২৩-২০২৪ অর্থবছরের এডিপি বরাদ্দে গৃহীত যে সকল প্রকল্প প্রশাসনিক অনুমোদনের জন্য অপেক্ষমান এবং গৃহীত কিন্তু অবাস্তবায়িত প্রকল্পগুলি জনগুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় কি না তা যাচাই বাছাই করার জন্য কর্মসম্পাদন সহায়তা কমিটির ০৫ সদস্য নিয়ে একটি কমিটি গঠন করা হয়েছে।
- ০৪। মেহেরপুর জেলা পরিষদে যে সকল বরাদ্দকৃত অর্থে প্রকল্প গ্রহণ করা হয়নি সে সকল বরাদ্দের অর্থ দ্বারা জরুরী ভিত্তিতে জনগুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয় প্রকল্প গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে।
- ০৫। বিগত অর্থ বছরের যে সকল প্রকল্পসমূহ মধুর গতিতে চলমান রয়েছে সে সকল প্রকল্প দ্রুত বাস্তবায়নের নিমিত্ত জরুরী ভিত্তিতে কার্যসম্পাদনের জন্য তাগিদ পত্র দেওয়া হয়েছে।
- ০৬। জেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির নিমিত্ত মার্কেট, খেয়াঘাট, ইজারাযোগ্য জমি ইজারা প্রদান ও ডাকবাংলোর ভাড়া আদায়সহ অন্যান্য বিষয়ে বিশেষ তদারকি করা হচ্ছে।

চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের কর্মপরিকল্পনা নিম্নে দেওয়া হলো:

- ০১। ২০২৪-২০২৫ অর্থবছরে জেলা পরিষদ কর্তৃক জনবান্ধবমূলক প্রকল্প গ্রহণ করার কর্মপরিকল্পনা রয়েছে। যেমন- শিক্ষাবৃত্তি প্রদান, আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান, কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদান, নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণ, স্যানিটেশন, জলাবদ্ধতা দূরীকরণ, জলাধার সংরক্ষণ, বর্জ্যপাত নিরোধক দণ্ড স্থাপন এবং কৃষক শেড নির্মাণ ইত্যাদি।
- ০২। ২০২৪-২০২৫ অর্থবছরে নতুন কর্মস্থান সৃষ্টির লক্ষ্যে জেলা পরিষদ হতে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ কর্মসূচির জন্য প্রকল্প গ্রহণ করার কর্মপরিকল্পনা রয়েছে। যেমন-মোটর ড্রাইভিং প্রশিক্ষণ, সেলাই প্রশিক্ষণ, মাশরুম চাষ, গবাদি পশুপালন, মৎস চাষ ইত্যাদি।
- ০৩। ২০২৪-২০২৫ অর্থবছরে জেলা পরিষদ হতে বৃক্ষ রোপন কর্মসূচি গ্রহণ করার কর্মপরিকল্পনা রয়েছে।
- ০৪। মেহেরপুর জেলা মাদক প্রবন এলাকা হিসেবে বিবেচিত তাই মেহেরপুর জেলাকে মাদকমুক্তকরণের জন্য সেমিনার, র্যালী, কর্মশালা ও লিফলেট বিতরণের কর্মপরিকল্পনা রয়েছে।
- ০৫। মেহেরপুর জেলায় আত্মহত্যা প্রবনতার ঝুঁকি বেশি হওয়ায় মানসিক স্বাস্থ্য বিষয়ক কর্মশালা অনুষ্ঠান ও জনসচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন কর্মসূচির গ্রহণ করার কর্মপরিকল্পনা রয়েছে।
- ০৬। মেহেরপুর জেলা একটি শীত প্রবণ এলাকা। সেহেতু প্রতিবছরের ন্যয় ২০২৪-২০২৫ অর্থবছরে মেহেরপুর জেলায় গরীব, দুস্থ ও অসহায় পরিবারের মাঝে শীত বস্ত্র বিতরণের কর্মপরিকল্পনা রয়েছে।
- ০৭। মেহেরপুর জেলা পরিষদের নিয়ন্ত্রণাধীন ডাকবাংলোগুলি সংস্কার ও আধুনিকায়নের কর্মপরিকল্পনা রয়েছে।
- ০৮। মেহেরপুর জেলায় অসরকারি শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান ও রাস্তাঘাটের অবকাঠামো উন্নয়নের কর্মপরিকল্পনা রয়েছে।
- ০৯। হাটবাজার, রাস্তাসহ বিভিন্ন প্রতিষ্ঠান নবায়নযোগ্য সৌরবাতি এবং সোলার প্যানেল দ্বারা আলোকিত করার পরিকল্পনা রয়েছে।
- ১০। বিজ্ঞান সম্মত চাষাবাদে উৎসাহিত করার জন্য কৃষকদের মাঝে আধুনিক কৃষি যন্ত্রপাতি বিতরণের পরিকল্পনা রয়েছে।

এমতাবস্থায়, বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৫.১০.২০২৪

(মোঃ শামীম হোসেন)

প্রধান নির্বাহী কর্মকর্তা(অতিরিক্ত দায়িত্ব)

জেলা পরিষদ, মেহেরপুর।

ফোনঃ ০২৪৭৭৭৯২৪০৮(অফিস)

E-mail- meherpurzp@gmail.com

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- ০১। প্রশাসক, জেলা পরিষদ, মেহেরপুর।
- ০২। অফিস কপি।